



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৭ মার্চ, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৭ মার্চ, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস পালিত হয়। কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আনন্দ র্যালি, স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠান, ডকুমেন্টারি প্রদর্শন, মিলাদ মাহফিল এবং প্রার্থনা সভা।

সকাল সাড়ে ৯টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, দিবসটি উদযাপন কমিটির সভাপতি প্রফেসর সৈয়দ হাসানুজ্জামান, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, প্রফেসর ড. মিজানুর রহমান, প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস, প্রফেসর ড. মো. আবদুল গনি, প্রফেসর ড. মুশতাক আহমদ, প্রফেসর ড. এ.জেড.এম. মঞ্জুর রশীদ, প্রক্টর জহির উদ্দীন আহমদ, প্রফেসর ড. এসএম হাসান জাকিরুল ইসলাম, প্রফেসর ড. আমিনা পারভীন, প্রফেসর ড. ফারুক উদ্দিন, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, দিবসটি উদযাপন কমিটির সদস্য সচিব মো. ফজলুর রহমান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ড. খন্দকাল মো. মুমিনুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

সকাল ৯টা ৪৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের অংশগ্রহণে ক্যাম্পাসে আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়। র্যালি শেষে প্রশাসনিক ভবনের সম্মুখে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে আমাদের প্রত্যেককে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। আর আমরা যদি সঠিকভাবে কাজ করতে পারি তাহলে আমরা ২০৪১ সালের মধ্যে উন্নয়নশীল দেশগুলোর মধ্যে শীর্ষে অবস্থান করতে পারব। তিনি বলেন, বঙ্গবন্ধু শিশুদের অত্যন্ত স্নেহ করতেন, ভালবাসতেন। কিন্তু, দেশের মানুষের মুক্তির জন্য কাজ করতে গিয়ে, নিজের সন্তানদের সময় দিতে পারতেন না। তাই বঙ্গবন্ধুর শিশুদের প্রতি মমত্ববোধকে শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর জন্ম দিনকে জাতীয় শিশু দিবস হিসেবে ঘোষণা করেন।

পরে সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন 'এ'-এর গ্যালারিতে শাহজালাল স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে বঙ্গবন্ধুকে নিয়ে একটি ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শন করা হয়।

বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে অনুষ্ঠিত মিলাদ মাহফিলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাহফিরাত কামনায় দোআ করা হয়। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় সেন্টারে প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।

রেজিস্ট্রার